

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৩৫.১৯-২৩২

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৬
১৮ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: শিমুলকান্দি মহাবিদ্যালয়, কিশোরগঞ্জ এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৫.০১.৩৭.১৮/৮৫৮; তারিখ: ০৪/০৩/২০১৯ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/কুমিল্লা/৬১০-সি/চট্ট:২৬১৮; তারিখ: ২০/০৫/২০১৮ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১৫/১১/২০১৫ খ্রি. কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন শিমুলকান্দি মহাবিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু নেই;
- খ. ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ডিম্যান্ড এন্ড রিসিপ্ট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, নোটিশ রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার ও ছুটি রেজিস্টার চালু নেই;
- গ. ক্রয় কমিটি নেই;
- ঘ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে হয়না;
- ঙ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
- চ. ভ্যাট কর্তন করা হয় না;
- ছ. প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন হয় না;
- জ. ব্যয়ের ভাউচার সমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয় না;
- ঝ. প্রধান শিক্ষক নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করেননা;
- ঞ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা হয় না;
- ট. অত্র প্রতিষ্ঠানের বাৎসরিক বাজেট প্রণয়নের মাধ্যমে আয়-ব্যয় পরিচালনা করা হয় না;
- ঠ. প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্য তহবিল খোলা নেই।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।


মো. রাহেদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৩

বিতরণ:

- ১। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। অধ্যক্ষ, শিমুলকান্দি মহাবিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ
- ৬। চেয়ারম্যান, গভর্ণিং বডি, শিমুলকান্দি মহাবিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।